গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৫১.৯২.০০০২.২৬-৩২২

তারিখ : ৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

"ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৭"

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে যুবদের স্বেচ্ছাসেবী কার্যক্রমে অসাধারণ অবদানের জন্য চলতি **২০২৬-২০২৭** অর্থবছরে নিম্নোল্লিখিত ০৮টি ক্যাটাগরিতে **"ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৭"** প্রদানের নিমিত্ত বর্ণিত শর্তাবলী অনুযায়ী আগ্রহী যুব ও যুব নারীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	ক্যাটাগরির নাম	পুরস্কার সংখ্যা	অ্যাওয়ার্ডের ধরণ (প্রতিটির ক্ষেত্রে)
(১)	আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা উন্নয়ন	০২টি	প্রতিটি অ্যাওয়ার্ডে থাকবে ১,০০,০০০/- টাকা, একটি ক্রেস্ট এবং একটি সার্টিফিকেট
(২)	ক্রীড়া উন্নয়ন	০২টি	
(৩)	সমাজসেবা ও জনকল্যাণে (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আদর্শসেবা)	০২টি	
(৪)	বিজ্ঞান, প্রযুক্তি ও কারিগরি	০২টি	
(৫)	নারী ও শিশু উন্নয়ন	০২টি	
(৬)	শিক্ষার উন্নয়ন ও প্রসার	০২টি	
(৭)	পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলা	০২টি	
(৮)	কলা ও সংস্কৃতি	০২টি	

আবেদনের শর্তাবলী

ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং তার বয়স আবেদনের শেষ তারিখে জাতীয় যুবনীতি অনুযায়ী **১৮** হতে **৩৫** বছরের মধ্যে হতে হবে।

খ) শুধুমাত্র অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে সেবা প্রদান ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে নিয়োজিত যুব ও যুব নারীগণ এ অ্যাওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন।

গ) আগ্রহী যুবগণ তার নিজ উপজেলার উপজেলা কমিটির সভাপতি **উপজেলা নির্বাহী অফিসার** বরাবর নির্ধারিত ফরমে আবেদন দাখিল করবেন এবং মহানগরীর ক্ষেত্রে (যেখানে উপজেলা কার্যালয় নেই) সংশ্লিষ্ট জেলা কমিটির সভাপতি **জেলা প্রশাসক** বরাবর আবেদন করবেন।

ঘ) ক্যাটাগরিভিত্তিক কর্মকাণ্ডের বিষয়ে প্রত্যয়নের ক্ষেত্রে আবেদনকৃত ক্যাটাগরি সংশ্লিষ্ট বিষয়ক (সরকারি, আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রায়াত্ত সংস্থার **চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬** অনুযায়ী ৯ম গ্রেড বা সমতুল্য বা তদুর্ধ্ব পদে কর্মরত একজন কর্মকর্তার প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

ঙ) একজন আবেদনকারী শুধুমাত্র একটি ক্যাটাগরিতেই আবেদন করতে পারবেন। একাধিক ক্যাটাগরিতে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

চ) ফৌজদারি মামলায় দন্ডিত কোনো ব্যক্তি এ অ্যাওয়ার্ডের আবেদনের জন্য বিবেচিত হবেন না ।

ছ) সন্ত্রাস বা সমাজ/রাষ্ট্র বিরোধী বা আইন শৃঙ্খলা পরিপন্থী কাজে লিপ্ত কোনো যুব অ্যাওয়ার্ডের আবেদনের জন্য বিবেচিত হবেন না।

জ) ঋণখেলাপি কোনো ব্যক্তি এই অ্যাওয়ার্ডের আবেদনের জন্য বিবেচিত হবেন না।

ঝ) চূড়ান্তভাবে **মনোনীত প্রার্থীকে** ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে তার পরিবর্তে সংশ্লিষ্ট ক্যাটাগরির মেধাক্রম অনুযায়ী পরবর্তী প্রার্থীকে ডোপ টেস্টে যোগ্য সাপেক্ষ নির্বাচন করা হবে।

ঞ) আবেদনকারী পূর্বে এ অ্যাওয়ার্ডে ভূষিত হলে কিংবা যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত অন্য কোনো পুরস্কারে ভূষিত হলে এ অ্যাওয়ার্ডের আবেদনের জন্য বিবেচিত হবেন না।

ট) যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড বাস্তবতার নিরিখে অ্যাওয়ার্ডের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে এবং অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

পাতা/২

২। এই লিঙ্কে প্রবেশ করে **(ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৭)** আবেদনের **নির্ধারিত ফরম** ডাউনলোড করে এবং একই লিঙ্কে প্রদত্ত **অ্যাওয়ার্ড নীতিমালা** অনুসরণ করে অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে আবেদন করতে হবে। আবেদন **আগামী ১০ ডিসেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ (২৫ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ)** অফিস সময়ের মধ্যে নির্ধারিত স্থানে **(শর্তাবলীর 'গ' উপঅনুচ্ছেদ** অনুযায়ী) সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, **নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।**

৩। আবেদন ফরমে উল্লিখিত চাহিত সকল প্রমাণক (সনদপত্র, প্রত্যয়নপত্র, ছবি, ভিডিও, পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি) সংযুক্ত করতে হবে।

৪। উল্লেখ্য, যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সাথে যোগাযোগ করে আবেদনের বিষয়ে পরামর্শ নেয়া যেতে পারে। প্রযোজ্য ক্ষেত্রে এ বিষয়ে যে কোনো তথ্য/পরামর্শ গ্রহণের জন্য **০১৭১৬২৩০৩৬৬** মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

১৫/১১/২৬

মোহাম্মদ উল্লাহ
উপসচিব